বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র
কনভেনশন (বিএনএসিডব্লিউসি)
প্রধানমন্ত্রীর কার্যালয়
সশস্ত্র বাহিনী বিভাগ
অসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

দূরালাপনী ঃ ৯৮৩৪৩০৬ সামরিক ৪৩০৬
ফ্যাক্স ঃ ৯৮৩৪৩৯৯

০৬.০০.০০০০.০১৯.২৮.০১৮.২১/বিবিধ/২৯১১ ২৩ডিসেম্বর ২০২১

**সাধারণ নির্দেশিকা - বিএনএসিডব্লিউসি'র বিশেষজ্ঞ দল কর্তৃক বাংলাবান্ধা স্থলবন্দরের ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল স্টোর পরিদর্শন প্রসঙ্গে**

বরাতঃ

ক। রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরন) আইন, ২০০৬ (সকলকে নহে)।

**ভূমিকা**

১। 'বাংলাদেশ জাতীয় কর্তৃপক্ষ, রাসায়নিক অস্ত্র কনভেনশন (বিএনএসিডব্লিউসি)' বাংলাদেশে 'রাসায়নিক অস্ত্র কনভেনশন (সিডব্লিউসি)' এর প্রধান প্রয়োগকারী সংস্থা এবং 'অর্গানাইজশন ফর দ্যা প্রহিবিশন অব কেমিক্যাল উইপন্স (ওপিসিডব্লিউ)'এর সাথে অত্যন্ত নিবিড়ভাবে কাজ করে থাকে। বাংলাদেশে তফসিলভুক্ত রাসায়নিক দ্রব্যের শান্তিপূর্ণ ব্যবহার নিশ্চিতকল্পে বিভিন্ন মন্ত্রণালয় এবং প্রতিষ্ঠানের প্রতিনিধির সমন্বয়ে গঠিত বিএনএসিডব্লিউসির বিশেষজ্ঞ দল দেশের রাসায়নিক দ্রব্য সম্পর্কিত বিভিন্ন ধরনের প্রতিষ্ঠান/স্থাপনা নিয়মিত পরিদর্শন করে থাকে। ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল সম্পর্কিত নিরাপত্তা ব্যবস্থাপনা বিষয়ে সহায়তা করাই এ পরিদর্শনের মূল লক্ষ্য। শিল্প কারখানাসমূহের প্রয়োজনে কাঁচামাল হিসেবে বিভিন্ন দেশ হতে বাংলাদেশে স্থল, সমুদ্র ও বিমান বন্দর দিয়ে প্রচুর পরিমানে বিপজ্জনক/রাসায়নিক দ্রব্য দেশের অভ্যন্তরে প্রবেশ করে এবং তা অনেক সময়েই বিভিন্ন কারনে বন্দরে মজুদ থাকে। তাই বন্দরে এসব মজুদকৃত ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর সঠিক ব্যবস্থাপনা খুবই গুরুত্বপূর্ণ।

২। উপরোক্ত বিষয় বিবেচনা করতঃ বিএনএসিডব্লিউসির বিশেষজ্ঞ দল ইতিমধ্যে বাংলাদেশের ২টি সমুদ্র বন্দর (চট্টগ্রাম ও মোংলা), ১টি স্থল বন্দর (বেনাপোল স্থল বন্দর) ও ১টি বিমানবন্দর (হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর) পরিদর্শন সম্পন্ন করে এবং উক্ত বন্দরসমূহের রাসায়নিক নিরাপত্তা ব্যবস্থাপনা উন্নয়নকল্পে গুরুত্বপূর্ণ সুপারিশমালা প্রদান করে। এছাড়া দেশের অন্যান্য গুরুত্বপূর্ণ বন্দরসমূহ পর্যায়ক্রমে পরিদর্শনের বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে। এরই ধারাবাহিকতায় বিএনএসিডব্লিউসি বিশেষজ্ঞ দল কর্তৃক বাংলাবান্ধা স্থলবন্দরের ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল গুদাম পরিদর্শন করার পরিকল্পনা করা হয়েছে।

**উদ্দেশ্য**

৩। বাংলাবান্ধা স্থলবন্দরে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর নিরাপত্তা ও ব্যবস্থাপনা সম্পর্কিত পরিদর্শনকে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা এই নির্দেশনার উদ্দেশ্য ।

**পরিদর্শন কর্মসূচি**

৪। **তারিখ এবং কর্মসূচী।** বিএনএসিডব্লিউসি বিশেষজ্ঞ দল আগামী ০২ জানুয়ারি ২০২২ তারিখ ১০০০ ঘটিকায় বাংলাবান্ধা স্থলবন্দর পরিদর্শন করবে। পরিদর্শন দলের পরিদর্শনের ক্রমধারা অত্র পত্রের সাথে সংযুক্ত আকারে প্রেরণ করা হলো।

৫। **পরিদর্শন দলের সংগঠন**।

ক। **দলনেতা**। কমডোর মোহাম্মদ মঞ্জুর হোসেন, (জি), বিএসপি, এনডিইউ, পিএসসি, বিএন, সদস্য সচিব, বিএনএসিডব্লিউসি ও মহাপরিচালক, অসামরিক ও সামরিক সংযোগ পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ।

খ। **সদস্য (নূন্যতম উপসচিব পদবী)**।

(১) জাতীয় রাজস্ব বোর্ড হতে একজন প্রতিনিধি।
(২) বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ হতে একজন প্রতিনিধি।
(৩) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে একজন প্রতিনিধি।
(৪) নির্বাহী সেল, বিএনএসিডব্লিউসি হতে একজন স্টাফ অফিসার।

গ। **সদস্য সচিব**। লেফটেন্যান্ট কর্ণেল আবু তারেক মোহাম্মদ রাশেদ, জিএসও-১, বিএনএসিডব্লিউসি।

৬। **পরিদর্শন প্রতিবেদন**। পরিদর্শন শেষে পরিদর্শন দল চেয়ারম্যান, বিএনএসিডব্লিউসি'র নিকট পরিদর্শন পরবর্তী প্রতিবেদন দাখিল করবেন।

**সমন্বয় নির্দেশিকা**

৭। **পরিদর্শন দলের সদস্য মনোনয়ন**। অনুচ্ছেদ ৫ (খ) মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা প্রতিনিধি মনোনয়ন করতঃ মনোনীত প্রতিনিধির নাম আগামী **২৮ ডিসেম্বর ২০২১** তারিখের মধ্যে নিম্নবর্ণিত ছক অনুযায়ী অত্র অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক | পদবী | নাম | নিয়োগ এবং সংস্থা | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|---|

৮। **শুধুমাত্র বাংলাবান্ধা কাস্টমস হাউজ এর জন্য**। পরিদর্শনসূচি (সংযুক্ত-১) মোতাবেক বিএনএসিডব্লিউসি এর বিশেষজ্ঞ দলকে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল সংক্রান্ত সংক্ষিপ্ত ধারনা প্রদান (PowerPoint Presentation) ও সরেজমিনে কাস্টমস এর ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর বিভিন্ন স্টোর পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উক্ত পরিদর্শনকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক ও অন্যান্য সমন্বয় সাধনের নিমিত্তে একজন সমন্বয়কারী কর্মকর্তা (POC) মনোনয়ন করতঃ মনোনীত সমন্বয়কারী কর্মকর্তার নাম ও যোগাযোগের তথ্য আগামী **২৮ ডিসেম্বর ২০২১** তারিখের মধ্যে অত্র অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৯। **শুধুমাত্র বাংলাবান্ধা স্থলবন্দর এর জন্য**। পরিদর্শনসূচি (সংযুক্ত-১) মোতাবেক বিএনএসিডব্লিউসি এর বিশেষজ্ঞ দলকে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর নিরাপত্তা ও ব্যবস্থাপনা বিষয়ক সংক্ষিপ্ত ধারনা (PowerPoint Presentation) প্রদান ও সরেজমিনে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর বিভিন্ন স্টোর পরিদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১০। **শুধুমাত্র পরিদর্শন দলের সদস্যদের জন্য**। পরিদর্শন দলের সকল সদস্যকে পরিদর্শনের তারিখ (০২ জানুয়ারি ২০২২) সকাল ০৯৩০ ঘটিকায় বাংলাবান্ধা স্থল বন্দরে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বিএনএসিডব্লিউসি কর্তৃক প্রদানকৃত পরিদর্শন প্রতিবেদন পূরণ করতঃ আগামী ০৭ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে বিএনএসিডব্লিউসি'তে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১১। **শুধুমাত্র জেলা প্রশাসক, পঞ্চগড়, প্রধান নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, তেতুলিয়া, পঞ্চগড় এর জন্য**। পরিদর্শন দলে আগত সদস্যবৃন্দের জন্য তেতুলিয়া জেলা পরিষদ ডাকবাংলোতে প্রয়োজনীয় আবাসনসহ অন্যান্য প্রশাসনিক সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

১২। **<u>শুধুমাত্র সেনাসদর, কিউএমজি'র শাখা, এসটি পরিদপ্তর এর জন্য</u>**। উক্ত পরিদর্শনদলের জন্য আগামী ০১ জানুয়ারি ২০২২ হতে ০৩ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ১ x জীপ (ফাইভ ডোর) ও ১ x মাইক্রোবাস ড্রাইভার ও দ্বিতীয় আসনধারীসহ সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

১৩। **<u>শুধুমাত্র নৌবাহিনী সদর দপ্তর, নৌ সচিবালয় এর জন্য</u>**। অনুচ্ছেদ-৫ এর ক ও খ (৪) এ বর্ণিত (কমডোর মোহাম্মদ মঞ্জুর হোসেন, (জি), বিএসপি, এনডিইউ, পিএসসি, বিএন ও ইন্সট্রাক্টর লেফটেন্যান্ট কমান্ডার মোঃ এমরান হোসেন, বিএন, পিনং ২৫৮৭) অফিসারদ্বয় বিষয়োক্ত পরিদর্শন উপলক্ষ্যে অস্থায়ী কর্তব্যে বাংলাবান্ধা স্থলবন্দর, তেতুলিয়া, পঞ্চগড় গমন করবেন বিধায় তাদের অনুকূলে অস্থায়ী কার্যাদেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৪। **<u>শুধুমাত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য</u>**। উক্ত পরিদর্শনটির বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)কে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) এর সাথে প্রয়োজনীয় সমন্বয়ের জন্য যথাযথ নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১৫। **<u>বিএনএসিডব্লিউসির সমন্বয়কারী (POC)</u>**। পরিদর্শন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যেতে পারেঃ

ক। ইন্সট্রাক্টর লেফটেন্যান্ট কমান্ডার মোঃ এমরান হোসেন, বিএন - ০১৭৬৯০১৪৩০৮।

**<u>উপসংহার</u>**

১৬। বাংলাবান্ধা স্থলবন্দরে বিদ্যমান ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল এর নিরাপত্তা ও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যকলাপ আরো সুসংহতকরণে সকল স্টেকহোল্ডারদের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতা বিএনএসিডব্লিউসি বিশেষজ্ঞ দলের পরিদর্শন ফলপ্রসূ করতে অগ্রণী ভূমিকা পালন করবে।

**আবু তারেক মোহাম্মদ রাশেদ**
লেফটেন্যান্ট কর্ণেল
পক্ষে চেয়ারম্যান, বিএনএসিডব্লিউসি

সংযুক্তঃ

১। বাংলাবান্ধা স্থলবন্দর পরিদর্শনের ক্রমধারা- ০১ (এক) পাতা।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
বহির্গমনঃ
কার্যক্রমঃ

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সেনাসদর
কিউএমজির শাখা, এসটি পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা

চেয়ারম্যান
বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫

নৌবাহিনী সদর দপ্তর
নৌ সচিবালয়
বনানী, ঢাকা-১২১৩

মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
পঞ্চগড়

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ পঞ্চগড়

উপজেলা নির্বাহী কর্মকর্তা
তেতুলিয়া, পঞ্চগড়

সহকারী পরিচালক
বাংলাবান্ধা স্থলবন্দর
তেতুলিয়া, পঞ্চগড়

সহকারী কমিশনার
বাংলাবান্ধা স্থলবন্দর কাস্টমস হাউজ, তেতুলিয়া, পঞ্চগড়

অভ্যন্তরীণঃ

কার্যক্রমঃ

প্রশাসনিক কোম্পানী

## বাংলাবান্ধা স্থলবন্দর পরিদর্শনের ক্রমধারা

| ক্রমিক | কাজের ধারাবাহিক বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১। | পরিচিতি পর্ব (Self Introduction) | |
| ২। | পরিদর্শন দলের প্রধান কর্তৃক স্বাগত ভাষণ | |
| ৩। | বাংলাবান্ধা স্থলবন্দর /কাস্টমস কর্তৃক স্বাগত ভাষণ | |
| ৪। | বিএনএসিডব্লিউসি এর প্রতিনিধি কর্তৃক পরিদর্শন উপলক্ষ্যে সংক্ষিপ্ত উপস্থাপনা | |
| ৫। | বাংলাবান্ধা স্থলবন্দর এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শন দলকে নিম্নলিখিত বিষয়সমূহে ব্রিফিং প্রদান। এগুলো ছাড়াও অন্যান্য যেকোন বিষয় ব্রিফিংয়ে উল্লেখ করা যাবে।<br>ক। বাংলাবান্ধা স্থলবন্দর এবং কাস্টমস কর্তৃপক্ষ এর ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল সম্পর্কিত কার্যক্রমের ধারনা।<br>খ। বাংলাবান্ধা স্থলবন্দর রাসায়নিক গুদামসমূহের বর্তমান অবস্থা, মজুদের সক্ষমতা (capacity of storage) ও ভবিষ্যত পরিকল্পনা।<br>গ। দীর্ঘমেয়াদী পরিত্যাক্ত রাসায়নিক দ্রব্যসমূহের নামীয় তালিকা, পরিমান, কবে থেকে পরিত্যাক্ত অবস্থায় আছে এবং এ সম্পর্কিত সম্ভাব্য ঝুঁকিসমূহ এবং ভবিষ্যত পরিকল্পনা। ইতোপূর্বে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল ধ্বংস করা হয়ে থাকলে তার বিবরণ।<br>ঘ। রাসায়নিক দ্রব্য রক্ষনাবেক্ষন ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রচলিত প্রক্রিয়ার (গুদামজাতকরণ, পরিবহন, দলিলাদি যাচাই-বাছাইকরণ ইত্যাদি) সীমাবদ্ধতা ও সমাধানের প্রস্তাবনা।<br>ঙ। রাসায়নিক দ্রব্য সনাক্তকরণে সক্ষমতা, সীমাবদ্ধতা ও এর সম্ভাব্য সমাধানের প্রস্তাবনা।<br>চ। গত এক বছরে বাংলাবান্ধা স্থলবন্দর দিয়ে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল আগমন/ বহির্গমনের তালিকা ও পরিমান।<br>ছ। অগ্নিনির্বাপন ব্যবস্থাপনা এবং জরুরী উদ্ধারকাজ সম্পর্কিত বর্তমান সক্ষমতা, সীমাবদ্ধতা ও ভবিষ্যত পরিকল্পনা। রাসায়নিক দ্রব্য হতে অগ্নিকান্ড নির্বাপনী সক্ষমতা ও সীমাবদ্ধতা।<br>জ। গত দুই বছরে ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল জনিত দূর্ঘটনাসমূহের তথ্য এবং তদ্‌পরবর্তি কার্যক্রমসমূহের বিবরণ।<br>ঝ। বন্দরের সার্বিক মান যাচাইয়ের জন্য অভ্যান্তরীণ বা বহিরাগত দল দ্বারা পরিদর্শন কার্যক্রম (Internal/ External Audit/Inspection) আছে কি না তার বিবরণ।<br>ঞ। উপরোক্ত বিষয়াবলী ছাড়াও স্থলবন্দর/কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যান্য যেকোন বিষয়ে পরিদর্শন দলের নিকট সুপারিশ উপস্থাপন। | |
| ৬। | পরিদর্শন দল কর্তৃক বাংলাবান্ধা স্থলবন্দর ডেঞ্জারাস কার্গো/কেমিক্যাল স্টোর সরেজমিনে পরিদর্শন | |
| ৭। | পরিদর্শন পরবর্তী মতবিনিময় সভা | |
| ৮। | পরিদর্শন দলের প্রধান কর্তৃক সমাপনী ভাষণ | |